বিদায় হজে নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে আমাকে নিয়ে হজ করা হয়েছে। আমি তখন সাত বছরের ছেলে।’

সায়েব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, ‘বিদায় হজে নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে আমাকে নিয়ে হজ করা হয়েছে। আমি তখন সাত বছরের ছেলে।’
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

সায়িব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু আনহু একজন ছোট সাহাবী। তার পরিবার তাকে নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে হজ করে এবং সে বিদায়ী হজ পায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণকে বাচ্চাদের নিয়ে হজ করার অনুমতি দেন। আর এটা তার নফল হজ হিসেবে গণ্য হবে। যখন সে বালেগ হবে তাকে পুণরায় ফরয হজ করতে হবে। হজে বাচ্চারাও বড়দের মতো ইহরাম বাঁধবে, তালবিয়া পাঠ করবে, সিলাই করা কাপড় পরা থেকে বিরত থাকবে এবং অন্যান্য সব কাজই করবে। যদি কোনো কর্ম করতে অক্ষম হয় তবে তার অভিভাবক যেমন মাতা ও পিতা তার পক্ষ থেকে সেটা আদায় করবে। আত-তাওযীহ শরহু জামে আস-সহীহ ১২/৪৭৩, উমদাতুল কারী, ১০/২১৮, ইবন উসাইমীন এর শরহু রিয়াদুস সালেহীন ৫/৩২৬-৩২৭।

http://www.sunnah.global/hadeeth/bn/show/2750